



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/৪০৩২৯

তারিখ : ১২/১১/২০১৮

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৭ শিক্ষাবর্ষে (২০১৯ সালে এসএসসি পরীক্ষার্থী) ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে, বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৭ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড নিম্নবর্ণিত তারিখে বিতরণ করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ড বিদ্যালয় শাখা থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ	বার	জেলার নাম
২০/১১/২০১৮	মঙ্গলবার	ময়মনসিংহ, ঢাকা মহানগর, ঢাকা জেলা, ও মুন্সীগঞ্জ
২২/১১/২০১৮	বৃহস্পতিবার	নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, শেরপুর ও রাজবাড়ী
২৫/১১/২০১৮	রবিবার	ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ ও নেত্রকোনা
২৬/১১/২০১৮	সোমবার	জামালপুর, নরসিংদী, মানিকগঞ্জ ও গাজীপুর

২। আবেদনপত্রের সাথে স্বীকৃতি নবায়ন, কমিটি, বিজ্ঞান শাখা, ব্যবসায় শিক্ষা শাখা, কৃষি, গার্হস্থ্য বিজ্ঞান, হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা, খ্রিষ্টানধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের অনুমতিপত্র আনতে হবে।

৩। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার পূর্বে বোর্ডের পুরাতন অডিটোরিয়াম কক্ষে শিক্ষা প্রতিষ্ঠান প্রতি ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা হারে ২০১৮ সালের স্কাউট ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

৪। রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের ভুল হয়ে থাকলে রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে সংশোধনের জন্য বোর্ডে আবেদন করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



প্রফেসর প্রীতীশকুমার সরকার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

